# কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

## ১৩. শুধু জুমু’আর দিনেই রোযা রাখা এবং শুধু জুমু’আর রাত্রিতেই নফল নামায পড়া

আবু হুরাইরাহ্ (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: নবী (সা.) ইরশাদ করেন:

لا تَخْتَصُّوْا لَيْلَةَ الْـجُمُعَةِ بِقِيَامٍ مِنْ بَيْنِ اللَّيَالِيْ ، وَلاَ تَخْتَصُّوْا يَوْمَ الْـجُمُعَةِ بِصِيَامٍ مِنْ بَيْنِ الْأَيَّامِ ، إِلاَّ أَنْ يَكُوْنَ فِيْ صَوْمٍ يَصُوْمُهُ أَحَدُكُمْ

“তোমরা বিশেষভাবে জুমু’আর রাত্রিতেই নফল নামায পড়ো না এবং বিশেষভাবে জুমু’আর দিনেই রোযা রাখো না। তবে কারোর ধারাবাহিক রোযার মাঝে জুমু’আর দিন পড়লে তাতে কোন অসুবিধে নেই”।[1]

অন্য বর্ণনায় রয়েছে,

لا يَصُمْ أَحَدُكُمْ يَوْمَ الْـجُمُعَةِ ، إِلاَّ أَنْ يَصُوْمَ قَبْلَهُ أَوْ يَصُوْمَ بَعْدَهُ

“তোমাদের কেউ শুধু জুমু’আর দিন রোযা রাখো না। তবে কেউ এর পূর্বের দিন অথবা পরের দিনও রোযা রাখলে তাতে কোন অসুবিধে নেই”।

>

### ফুটনোট

[1] (মুসলিম, হাদীস ১১৪৪)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11263

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন